

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।

www.dwa.gov.bd

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক সভার
কার্যবিবরণী:

সভাপতি	ফরিদা পারভীন মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
সভার তারিখ	২৪/০৫/২০২৩
সভার সময়	বেলা ২:৩০ টা
স্থান	২য় তলার সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, সাধারণ নাগরিকের সরকারী দপ্তর কর্তৃক সেবা প্রদান নিশ্চিতকরণে সরকার বদ্ধ পরিকর। সে লক্ষ্যেই সরকার সুশাসন প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর প্রবর্তন করেছে। সিটিজেনস চার্টার বলতে সরকারের নির্দিষ্ট কোন ঘোষণা বোঝায়, যাতে সেবা প্রদানের সময়সীমা, সেবার সহজলভ্যতা, সেবা গ্রহণের ক্ষেত্রে কোন নাগরিক সংক্ষুব্ধ হলে তার প্রতিকার এবং অন্যান্য তথ্যাদি উল্লেখ থাকে। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা ২০১৭ অনুসরণ করে নির্ধারিত ফরমেট অনুযায়ী সিটিজেনস চার্টার প্রস্তুত ও হালনাগাদ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। জেলা ও উপজেলা পর্যায়েও সকল কার্যালয়ে সিটিজেন'স চার্টার কেবিনেট কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী প্রদর্শনের ব্যবস্থা করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে ওয়েবপোর্টাল আপডেট করতে হবে।

মহাপরিচালক বলেন, সিটিজেন'স চার্টার এ নাগরিক কোন সেবা কতদিনের মধ্যে এবং কোন প্রক্রিয়ায় পাবে তা উল্লেখ থাকে। মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত কাঠামো বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা (দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের জন্য প্রযোজ্য) বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ এ সূচক সমূহ কেবিনেট কর্তৃক নির্ধারিত। তাই সে অনুযায়ী কাজ সম্পাদন এবং প্রমানকসমূহ প্রেরণ নিশ্চিত করতে হবে।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মসম্পাদন করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(ফরিদা পারভীন)
মহাপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ০১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপপরিচালক (ম্যাজিস্ট্রেট), মহিলা সহায়তা কর্মসূচি, ফোকাল পয়েন্ট (এপিএ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপসচিব (প্রশাসন-০২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপপরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৫। উপপরিচালক (সকল), জেলা।
- ০৬। প্রোগ্রাম অফিসার (ই-সার্ভিস), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ওয়েবসাইট), ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি।


(ডালিয়া মৌসুমী খান)
সহকারী পরিচালক
ও

সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।